

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সিলেট বন বিভাগ, সিলেট
www.forest.sylhetdiv.gov.bd



বিজ্ঞপ্তি

স্মারকনং- ২২.০১.০০০০.৬৭২.০৫.০৪৩.২৩.১৯৩৭


তারিখ : ২৭/০৪/২০২৩খ্রি:

বন অধিদপ্তরের ১৭ হতে ২০ নং গ্রেডের রাজস্বখাতভুক্ত ফরেস্ট গার্ড (বনপ্রহরী) এবং অফিসসহায়ক পদে জনবল নিয়োগের জন্য লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু এবং পরীক্ষার কেন্দ্র ও সময়সূচী অবহিত করণ।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরে সিলেট বিভাগের আওতায় ১৭ হতে ২০ নং গ্রেডের রাজস্বখাতভুক্ত “ফরেস্ট গার্ড (বন প্রহরী)” এবং “অফিস সহায়ক” পদে জনবল নিয়োগের জন্য স্মারক নং ২২.০১.০০০০.৬৭২.০৫.০৪৩.২৩.২৪৬ তারিখ: ১৯/০১/২০২৩খ্রি: মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে অনলাইনে দাখিলকৃত বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৩মে, ২০২৩খ্রি: তারিখে নিম্নলিখিত পরীক্ষা কেন্দ্রে উল্লেখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।


পদের নাম	পরীক্ষা কেন্দ্র	সময়সূচী
ফরেস্ট গার্ড (বন প্রহরী)	মুরারিচাঁদ কলেজ, সিলেট (এম. সি. কলেজ, সিলেট)	বেলা ১০-০০ টাহতে ১১-৩০ টা পর্যন্ত মোট ১ ঘন্টা ৩০ মিনিট
অফিস সহায়ক	মুরারিচাঁদ কলেজ, সিলেট (এম. সি. কলেজ, সিলেট)	বেলা ১০-০০ টাহতে ১১-০০ পর্যন্ত মোট ১ ঘন্টা

ইতোমধ্যে “ফরেস্ট গার্ড (বন প্রহরী)” এবং “অফিস সহায়ক” পদে বাছাই পরীক্ষার মাধ্যমে প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। উক্ত ইস্যুকৃত প্রবেশপত্র টেলিটকের ওয়েবসাইট <http://bfdcfwncc.teletalk.com.bd> হতে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ডাউনলোড করার ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) অনলাইনে আবেদনের সময় সংশ্লিষ্ট প্রার্থীর নামে নিবন্ধিত মোবাইল ফোনে শুধুমাত্র বাছাই পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের) SMS এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। প্রেরিত উক্ত ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ডাউনলোড করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইলে যোগাযোগ করা যাবে। প্রার্থীকে প্রবেশপত্র সহকারে প্রবেশ পত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে উপস্থিত থেকে উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ জোফিকুল ইসলাম)
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট

ও

সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড, সিলেট বিভাগ
Email: dfosylhet@yahoo.com


২৭/০৪/২০২৩